

একদা প্রাতে কুঞ্জতলে অন্ধ বালিকা
পত্রপুটে আনিয়া দিল পুষ্পমালিকা ॥
কণ্ঠে পরি অক্ষুজল ভরিল নয়নে,
বক্ষে লয়ে চুমিনু তার স্নিগ্ধ বয়নে ॥
কহিনু তারে, 'অন্ধকারে দাঁড়িয়ে রমণী,
কী ধন তুমি করিছ দান না জানো আপনি ।
পুষ্পসম অন্ধ তুমি অন্ধ বালিকা,
দেখ নি নিজে মোহন কী যে তোমার মালিকা ।'

Parjaay: Natya-geeti, Taal: Jhaptaal, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail